গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-২ শাখা
www.bfid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.৩২২.১২.০০১.১৬-**১৯২**

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৩ / ০৪ ডিসেম্বর ২০১৬

**বিষয়: প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১৬**

**সূত্র:** প্রবাসী কল্যাণ ব্যাংক-এর পত্র নম্বর-৪৯.০৩.৯৯৯.০২.৫৬.২০১১-২৬১, তারিখ : ২০.০৪.২০১৬ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১৬ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

( শেখ সিদ্দিকুর রহমান )
সহকারী সচিব
ফোন: ৯৫৮২৩২২

ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা ।

নম্বর: ৫৩.০০.০০০০.৩২২.১২.০০১.১৬-**১৯২**

তারিখ: ০৪ ডিসেম্বর ২০১৬

সদয় জ্ঞাতার্থে :

সচিব মহোদয়ের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ।

( শেখ সিদ্দিকুর রহমান )
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-২ শাখা
www.bfid.gov.bd

## প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১৬

**১.০ সাধারণ শর্তাবলী:**

১.১ প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৩ এর অনুচ্ছেদ ২(৯)-এ উল্লিখিত তফসিলে বর্ণিত শর্তাবলী ও অন্যান্য বিধান পরিপালন সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাবে।

১.২ পদোন্নতি প্রদানের ক্ষেত্রে সন্তোষজনক চাকুরির রেকর্ড, শিক্ষাগত যোগ্যতা, মেধা, কর্মদক্ষতা, প্রশিক্ষণ, সততা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি বিবেচনায় আনতে হবে। পদোন্নতির জন্য মেধা ও কর্মদক্ষতা (Merit and Performance) উভয়কে প্রাধান্য দেওয়া হবে।

১.৩ পদোন্নতিতব্য বছরে মেধা তালিকা প্রণয়নের উদ্দেশ্যে কর্মচারীদের ফিডার পদে চাকুরিকাল গণনা করার জন্য পদোন্নতি পূর্ববর্তী বছরের ৩০ জুন এবং ৩১ ডিসেম্বর Cut of Date ধরা হবে এবং যে বছর পদোন্নতি প্রদান করা হবে সে বছরে অনুমোদিত শূন্য পদের ভিত্তিতে পদোন্নতির জন্য চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। পদোন্নতি বছরের পূর্ববর্তী ৫ বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনায় আনা হবে।

১.৪ বহিঃবাংলাদেশে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে তাদের কর্মদক্ষতা, সার্ভিস রেকর্ড পর্যালোচনা ও টেলিফোনিক বা ব্যক্তিগত সাক্ষাৎকার গ্রহণপূর্বক পদোন্নতি বিবেচনা করা হবে।

১.৫ (ক) কোন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগনামা দাখিল বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগনামা দাখিল বা ফৌজদারি মামলা দায়েরের সরকারি মঞ্জুরি প্রদান করা হলে অথবা উক্তরূপ কারণে কোন কর্মকর্তাকে গ্রেফতার করা হলে উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি উচ্চতর পদে পদোন্নতির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

(খ) কোন কর্মচারীর উপর বিভাগীয় কার্যধারার অধীন দন্ড আরোপ করা হলে তিনি তাঁর দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে ১(এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে ৩(তিন) বছর পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না এবং আর্থিক জরিমানা করা হলে সম্পূর্ণ অর্থ আদায় না হওয়া পর্যন্ত পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হবেন না।

(গ) কোন কর্মচারীর বিভাগীয় কার্যধারার অভিযোগ হতে অব্যাহতিপ্রাপ্ত হলে বা উক্ত মামলায় দোষী সাব্যস্ত না হলে বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা অথবা ফৌজদারি মামলার অভিযোগ হতে অব্যাহতিপ্রাপ্ত হলে তিনি উচ্চতর পদে পদোন্নতির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং এরূপ পদোন্নতির ক্ষেত্রে তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্ত হবেন।

১.৬ ব্যাংকের পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতীত কোন পদে পদোন্নতি প্রদান করা যাবে না।

১.৭ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান ব্যতীত পদোন্নতি কার্যকর হবে না। প্রেষণে/লিয়েনে কর্মরতদের ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত মূল পদে যোগদান না করা পর্যন্ত পদোন্নতি কার্যকর হবে না।

১.৮ সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ও তদুর্ধ্ব বা সমমানের পদে পদোন্নতির ক্ষেত্রে অনুমোদিত ক্রাইটেরিয়া অনুযায়ী যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক যাচাই বাছাই করার পর মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ সর্বমোট নম্বরের ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হবে।

চলমান পাতা-২

## ২.০ পদোন্নতি কমিটি:

**২.১** পদোন্নতি কমিটিসমূহ নিম্নরূপভাবে গঠিত হবে:

| পদোন্নতি কমিটি | | |
|---|---|---|
| ১. | ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ২. | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩. | ব্যাংলাদেশ ব্যাংক এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | উপব্যবস্থাপনা পরিচালক | সদস্য |
| ৫. | এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (প্রশাসন) | সদস্য-সচিব |

| অভ্যন্তরীণ বাছাই কমিটি | | |
|---|---|---|
| ১. | উপব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ২. | এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (প্রশাসন) | সদস্য |
| ৩. | ভাইস প্রেসিডেন্ট / বিভাগীয় প্রধান, মানব সম্পদ বিভাগ। | সদস্য-সচিব |

পদোন্নতি কমিটি অভ্যন্তরীণ বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত পদোন্নতিযোগ্য প্রার্থীর তালিকা ও অন্যান্য প্রাসঙ্গিক যোগ্যতা বিবেচনায় নিয়ে পদোন্নতির সুপারিশ প্রণয়ন করবে।

**২.২ পদোন্নতি কমিটির দায়িত্ব:**

বিভাগীয় কমিটি কোন কর্মচারীকে পদোন্নতির জন্য যোগ্য বিবেচনা না করলে সংশ্লিষ্ট কারণ সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করে এবং যোগ্য প্রার্থীগণকে পদোন্নতির জন্য সুপারিশ করে পৃথক তালিকা প্রণয়ন করে অনধিক ৭(সাত) দিনের মধ্যে পরিচালনা পর্ষদের সভায় পেশ করবে। এরূপ তালিকায় বিভাগীয় পদোন্নতি কমিটির সভাপতিসহ কমিটির উপস্থিত সকল সদস্য স্বাক্ষর করবেন।

**২.৩ অভ্যন্তরীণ বাছাই কমিটির কার্যাবলী:**

ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে প্রার্থীগণের সাক্ষাৎকার গ্রহণ করার পূর্বে অভ্যন্তরীণ বাছাই কমিটি কর্তৃক তাদের (ক) বার্ষিক গোপনীয় প্রতিবেদন, (খ) শিক্ষাগত যোগ্যতা, (গ) ব্যাংকিং ডিপ্লোমা, (ঘ) চাকরির দৈর্ঘ ইত্যাদি বিষয়ে নম্বর প্রদানসহ আনুষঙ্গিক সকল কার্যাদি সম্পাদনের পর পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা মূল্যায়ন/ সাক্ষাৎকার গ্রহণের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে। অভ্যন্তরীণ বাছাই কমিটির সুপারিশ কর্তৃপক্ষের নিকট পেশ করার ক্ষেত্রে কমিটি চাকুরী প্রবিধানমালার তফসিলের বিধানাবলী অনুসরণ করবে।

**২.৪ পদোন্নতিযোগ্য প্রার্থীর সংখ্যা নির্ধারণ:**

উচ্চতর পদে পদোন্নতি বিবেচনাকালে ব্যাংকের চাকুরী প্রবিধানমালা, ২০১৩ মোতাবেক ফিডার পদে নির্ধারিত চাকুরীকাল পূরণ হয়েছে এমন কর্মচারীদের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিযোগ্য শূন্য পদের সর্বোচ্চ ১:৩ হারে বিবেচনা করতে হবে। তবে ১:৩ হারে বিবেচনার পর পদোন্নতিযোগ্য শূন্য পদ পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্য কর্মচারী পাওয়া না গেলে সেক্ষেত্রে পরবর্তী জ্যেষ্ঠ কর্মচারীদের মধ্য থেকে পুনরায় ১:৩ হারে পদোন্নতির জন্য বিবেচনা করা যাবে।

চলমান পাতা-৩

**২.৫ সাক্ষাৎকার:**

(ক) সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ও তদুর্ধ্ব পদে পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীদের যোগ্যতা যাচাই এর উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যাংকিং বিষয়ে পেশাগত জ্ঞান ও দক্ষতা, মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা ইত্যাদি বিষয়াবলীর উপর গুরুত্বারোপ করে সাক্ষাৎকারের জন্য নির্ধারিত ১৫(পনের) নম্বর প্রদান করা হবে। উক্ত ১৫(পনের) নম্বরের মধ্যে পদোন্নতির যোগ্যতা অর্জনের জন্য কমপক্ষে ০৮(আট) নম্বর পেতে হবে। জুনিয়র এক্সিকিউটিভ অফিসার থেকে এক্সিকিউটিভ অফিসার পদে পদোন্নতির ক্ষেত্রে কোনো সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। এক্ষেত্রে ৮৫ (পঁচাশি) নম্বর এর উপর মূল্যায়ন করতে হবে।

(খ) কোন প্রার্থী সাক্ষাৎকারের জন্য নির্ধারিত ১৫(পনের) নম্বরের মধ্যে ন্যূনতম ০৮(আট) নম্বর অর্জনে ব্যর্থ হলে তিনি পদোন্নতির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

(গ) সাক্ষাৎকারে একাধিক প্রার্থীর প্রাপ্ত নম্বর সমান হলে সেক্ষেত্রে অপেক্ষাকৃত বয়োজ্যেষ্ঠ প্রার্থী যোগ্যতর হিসেবে বিবেচিত হবেন।

**২.৬ শাখায় কাজের অভিজ্ঞতা:**

ক) সিনিয়র এক্সিকিউটিভ অফিসার পদে পদোন্নতির ক্ষেত্রে ব্যাংকের কোনো শাখায় বা মাঠ পর্যায়ের কাজে অন্তত ২(দুই) বছরের অভিজ্ঞতা এবং সিনিয়র এক্সিকিউটিভ অফিসার হতে প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার পদে এবং প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার হতে এসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট পদে পদোন্নতির জন্য শাখা ব্যবস্থাপক হিসেবে বা মাঠ পর্যায়ে অন্তত ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় পদোন্নতি কমিটি মাঠ পর্যায়ে পদ সাপেক্ষে বদলীর সুপারিশ করবে।

খ) কোনো কর্মকর্তার অনুচ্ছেদ ২.৫(ক)-তে বর্ণিত অভিজ্ঞতা না থাকলেও উক্ত কর্মকর্তার নাম পদোন্নতির জন্য সুপারিশ করা যাবে। সেক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে মাঠপর্যায়ে পদায়ন করতে হবে।

**৩.০ যোগ্যতা যাচাই পদ্ধতি ও পূর্ণ মান: ১০০(একশত) নম্বর**

পদোন্নতিযোগ্য প্রার্থীদের যোগ্যতা যাচাই এর উদ্দেশ্যে সর্বোচ্চ যোগ্যতাসূচক মানের বণ্টন হবে নিম্নরূপ:

**৩.১ বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মোট নম্বর: ৫০(পঞ্চাশ) নম্বর**

৩.২ কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের ক্ষেত্রে বিগত সর্বোচ্চ ৫(পাঁচ) বছরের প্রাপ্ত গড় নম্বর গ্রহণ করা হবে। সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের ক্ষেত্রে পদোন্নতি বিবেচনাকালে যদি তাঁদের চাকুরিকাল ৫(পাঁচ) বছর পূর্ণ না হয় সেক্ষেত্রে তাঁদের ৩(তিন) বছর বা তদুর্ধ্ব কিন্তু ৫(পাঁচ) বছরের কম সময়ের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে পাঁচ বছরের পূর্ণ নম্বর বিবেচনা করা হবে।

৩.৩ কর্মচারীগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন হবে নিম্নরূপ:

| প্রতিবেদনের মান | নির্ধারিত নম্বর |
|---|---|
| অতি উত্তম | ১০ |
| উত্তম | ০৮ |
| ভাল | ০৬ |
| মোটামুটি | ০৪ |
| খারাপ | ০০ |

চলমান পাতা-৪

৩.৪ **শিক্ষাগত যোগ্যতা:** **সর্বোচ্চ ১২(বার) নম্বর**

ক) শিক্ষাগত যোগ্যতার নম্বর বিভাজন নিম্নরূপ: (এক্সিকিউটিভ অফিসার ও তদুর্ধ্ব)

| | |
|---|---|
| ১) স্নাতকোত্তর | :১ম বিভাগ=৪, ২য় বিভাগ=৩; |
| ২) স্নাতক (সম্মান/পাস) / সমমান | :১ম বিভাগ=৩, ২য় বিভাগ=২; |
| ৩) উচ্চ মাধ্যমিক/সমমান | :১ম বিভাগ=৩, ২য় বিভাগ=২; |
| ৪) মাধ্যমিক/সমমান | :১ম বিভাগ=২, ২য় বিভাগ=১: |

খ) শিক্ষাগত যোগ্যতার নম্বর বিভাজন নিম্নরূপ: (জুনিয়র এক্সিকিউটিভ অফিসার)

| | |
|---|---|
| ১) স্নাতকোত্তর | :১ নম্বর; |
| ২) স্নাতক (সম্মান/পাস) / সমমান | :১ম বিভাগ=৫, ২য় বিভাগ=৪, ৩য় বিভাগ=৩; |
| ৩) উচ্চ মাধ্যমিক/সমমান | :১ম বিভাগ=৪, ২য় বিভাগ=৩, ৩য় বিভাগ=২; |
| ৪) মাধ্যমিক/সমমান | :১ম বিভাগ=৩, ২য় বিভাগ=২, ৩য় বিভাগ=১; |

৩.৫ **পেশাগত যোগ্যতা:** **৫ (পাঁচ) নম্বর**

ব্যাংকিং ডিপ্লোমার ক্ষেত্রে: ১ম পর্ব=৩ এবং ২য় পর্ব=২ ।

৩.৬ **চাকুরিকাল মূল্যায়ন:** **১৫ (পনের) নম্বর**

কর্মচারী প্রতি পূর্ণ বছর সন্তোষজনক চাকুরিকালের জন্য ৩ নম্বর এবং পরবর্তী পূর্ণ ৬ (ছয়) মাস ও তদুর্ধ্ব কিন্তু ১(এক) বছরের কম চাকুরিকালের জন্য ০১ নম্বর প্রাপ্ত হবেন। তবে মোট নম্বর ১৫ এর বেশি হবে না।

৩.৭ **মাঠ পর্যায়ে অভিজ্ঞতা / টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা:** **৩(তিন) নম্বর**

ক) ব্যাংকের শাখা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং আঞ্চলিক ব্যবস্থাপক পর্যায়ের কাজের সময়কাল 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' হিসেবে গণ্য হবে।

খ) মাঠ পর্যায়ের অভিজ্ঞতার নির্ধারিত ৩(তিন) নম্বর বিভাগীয় পদোন্নতি কমিটি প্রদান করবে। এক্ষেত্রে কোন কর্মচারীকে সমগ্র চাকুরি জীবনে মাঠ পর্যায়ে কর্মকালের প্রতি পূর্ণ বছরের জন্য ১.০০ নম্বর এবং অপূর্ণ বছরের ক্ষেত্রে ০.৬(ছয়) মাস পর্যন্ত ০.৫০ নম্বর এবং ৬(ছয়) মাসের উর্ধ্বে কিন্তু ১২(বার) মাসের কম সময়ের জন্য ০.৭৫ নম্বর প্রাপ্য হবেন, তবে মোট প্রাপ্ত নম্বর ৩.০০ এর অধিক হবে না।

গ) অপরদিকে, ব্যাংক এর যে সকল কর্মচারী টেকনিক্যাল (যথা: আইন কর্মকর্তা, চার্টার্ড এ্যাকাউন্টেন্ট, বৈদেশিক বাণিজ্য কর্মকর্তা, সিস্টেম এ্যানালিস্ট, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, ব্যবস্থাপনা পরিচালক/ উপব্যবস্থাপনা পরিচালক/এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (মহাব্যবস্থাপক) এর দপ্তরের ব্যক্তিগত কর্মকর্তা ইত্যাদি) পদে নিয়োজিত থেকে দায়িত্ব পালন করছেন এবং যাদের ক্ষেত্রে মাঠ পর্যায়ে কর্মরত থাকার বিষয়টি প্রযোজ্য নয় তারা 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' বিষয়ে নির্ধারিত ৩.০০(তিন) নম্বরের পরিবর্তে টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতার জন্য বর্ণিত ৩.০০ নম্বর প্রাপ্য হবেন। পদোন্নতির ভিত্তিকাল হতে বিগত ৩ বছরের মধ্যে প্রতি পূর্ণ বছরের জন্য ১.০০ নম্বর এবং অপূর্ণ বছরের ক্ষেত্রে ০.৬(ছয়) মাস পর্যন্ত ০.৫০ নম্বর এবং ৬(ছয়) মাসের উর্ধ্বে কিন্তু ১২(বার) মাসের কম সময়ের জন্য ০.৭৫ নম্বর প্রাপ্য হবেন, তবে মোট প্রাপ্ত নম্বর ৩.০০ এর অধিক হবে না।

৩.৮ **সাক্ষাৎকার:** **১৫ (পনের) নম্বর**

চলমান পাতা-৫

**৪.০ বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতির জন্য নির্ধারিত পাশ নম্বর:**

৪.১ কর্মচারীগণের বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতি প্রদানের জন্য পাশ নম্বর হবে নিম্নরূপ:

| ক্রম. | ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | পাশ নম্বর |
|---|---|---|---|
| ০১ | ডেপুটি ভাইস প্রেসিডেন্ট ও সমমান (সহকারী মহাব্যবস্থাপক ও সমমান) | ভাইস প্রেসিডেন্ট ও সমমান (উপ-মহাব্যবস্থাপক ও সমমান) | ৮০ |
| | এসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট ও সমমান (সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান) | ডেপুটি ভাইস প্রেসিডেন্ট ও সমমান (সহকারী মহাব্যবস্থাপক ও সমমান) | |
| | প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার ও সমমান (প্রিন্সিপাল অফিসার ও সমমান) | এসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট ও সমমান (সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান) | |
| ০২ | সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ও সমমান (সিনিয়র অফিসার ও সমমান) | প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার ও সমমান (প্রিন্সিপাল অফিসার ও সমমান) | ৭৫ |
| ০৩ | এক্সিকিউটিভ অফিসার ও সমমান (অফিসার ও সমমান) | সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ও সমমান (সিনিয়র অফিসার ও সমমান) | ৭৫ |
| ০৪ | জুনিয়র এক্সিকিউটিভ অফিসার | এক্সিকিউটিভ অফিসার ও সমমান (অফিসার ও সমমান) | ৭০ |

৪.২ বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রেড/পদের জন্য নির্ধারিত পাশ নম্বর প্রাপ্তি সাপেক্ষে জ্যেষ্ঠতার ক্রমানুসারে শূন্য পদ পূরণ করতে হবে। সকল ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীগণের ফিডার পদের আন্তঃজ্যেষ্ঠতা সংরক্ষিত থাকবে।

**- সমাপ্ত -**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-২ শাখা
www.bfid.gov.bd

মহাব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক
নং- ৩৮৭ তারিখঃ ০৫/০৪/১৭
☐ উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ জবাব প্রেরণ করুন
☐ আলাপ করুন
স্বাক্ষর

ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক
নং- ২৪১৫ তারিখঃ ০৫/৪/২০১৭
☐ উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ জবাব প্রেরণ করুন
☐ আলাপ করুন
স্বাক্ষর

নম্বর: ৫৩.০০.০০০০.৩২২.১২.০০১.১৬-৬৮

২০ চৈত্র ১৪২৩
তারিখ:----------------------
০৩ এপ্রিল ২০১৭

**বিষয়: প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১৬ এর ত্রুটি সংশোধন।**

**সূত্র:** প্রবাসী কল্যাণ ব্যাংক-এর পত্র নম্বর: ৪৯.০৩.৯৯৯.০২.৫৬.২০১১-২৭০, তারিখ : ১২.০৩.২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী পদোন্নতি নীতিমালা,২০১৬ এর ২.৬(খ) উপধারা নির্দেশক্রমে নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

| বিদ্যমান | সংশোধিত |
|---|---|
| ২.৬ (খ)-কোন কর্মকর্তার অনুচ্ছেদ **২.৫(ক)**-তে বর্ণিত অভিজ্ঞতা না থাকলেও উক্ত কর্মকর্তার নাম পদোন্নতির জন্য সুপারিশ করা যাবে। সেক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে মাঠপর্যায়ে পদায়ন করতে হবে। | ২.৬ (খ)-কোন কর্মকর্তার অনুচ্ছেদ **২.৬(ক)**-তে বর্ণিত অভিজ্ঞতা না থাকলেও উক্ত কর্মকর্তার নাম পদোন্নতির জন্য সুপারিশ করা যাবে। সেক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে মাঠপর্যায়ে পদায়ন করতে হবে। |

০৩.০৪.২০১৭
(শেখ সিদ্দিকুর রহমান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮২৩২২
Email:pronity7@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

নম্বর: ৫৩.০০.০০০০.৩২২.১২.০০১.১৬-৬৮

তারিখ: ০৩.০৪.২০১৭

সদয় জ্ঞাতার্থে :

সচিব মহোদয়ের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

( শেখ সিদ্দিকুর রহমান )
সহকারী সচিব